



# সভাপতির প্রতিবেদন



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ২৩ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ, সমিতি বোর্ডের সহকর্মী পরিচালক ও মহিলা পরিচালকবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, সাংবাদিকবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, পল্লী বিদ্যুতায়ন কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ ও সম্মানিত উপস্থিতি আসসালামু আলাইকুম। শিশিরভেজা সকালে নিজ নিজ কর্মব্যস্ততাকে উপেক্ষা করে প্রত্যন্ত অঞ্চল ও দূর-দূরান্ত থেকে কষ্ট স্বীকার করে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ায় আমি আমার অন্তরের অন্তঃস্থল থেকে সকলকে জানাই উষ্ণ অভিনন্দন এবং আন্তরিক শুভেচ্ছা। ত্রিশ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা যুদ্ধে শাহাদাত বরণকারী বীর শহীদদের আত্মার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং বীর মুক্তিযোদ্ধাদের জানাই রক্তিম শুভেচ্ছা। আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ ই আগস্টের শহিদদের।

## সম্মানিত সুধী মন্ডলী,

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি গণতান্ত্রিক পদ্ধতি অনুসরণ ও জবাবদিহিতার মাধ্যমে পরিচালিত হয়ে পর্যায়ক্রমে এতদ্ব্যঞ্জে বিদ্যুৎ ব্যবস্থাপনার ব্রত নিয়ে প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯৬ সালের ৪ জুলাই ব্রাহ্মণবাড়িয়া জেলার ব্রাহ্মণবাড়িয়া সদর, বিজয়নগর, আশুগঞ্জ, সরাইল, নবীনগর, আখাউড়া, নাসিরনগর, কসবা উপজেলায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে কৃষি বিপ্লব, কুটির শিল্প ও অন্যান্য শিল্পের বিকাশ এবং গ্রামীণ অর্থনীতি তথা কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি ও অবকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। খাদ্য ঘাটতি দূরীকরণে কৃষি বিপ্লব ও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে, শিক্ষা, শিল্প, স্বাস্থ্যসেবা বৃদ্ধি তথা এতদ্ব্যঞ্জে সর্বস্তরের জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সমিতির আওতাভুক্ত বিস্তীর্ণ এলাকা ঘিরে এর কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

অত্র সমিতি ডিসেম্বর ২০২৩ ইং পর্যন্ত ৭২৫৫ কি. মি. বিদ্যুৎ লাইন নির্মাণ করে ৫,৪৯,৬৩৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করেছে। সমিতির এই অগ্রগতির পিছনে রয়েছে গ্রাহক সদস্যবৃন্দের সর্বাঙ্গিক সহযোগিতা, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও সমিতির পরিচালনা বোর্ডের সুনির্দিষ্ট নীতিমালা ও সমিতির আওতাধীন কর্মকর্তা/ কর্মচারীদের অক্লান্ত পরিশ্রম। মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নের মাধ্যমে ঘরে ঘরে বিদ্যুতের আলো জ্বালিয়ে সাধারণ মানুষের মুখে হাসি ফোটানোর লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর ব্রাহ্মণবাড়িয়া সদর, আখাউড়া, বিজয়নগর, কসবা, নবীনগর, নাসিরনগর, আশুগঞ্জ, সরাইল উপজেলায় ১০০% বিদ্যুতায়ন শেষে মাননীয় প্রধানমন্ত্রী শুভ উদ্বোধন ঘোষণা করেছেন। এ বছরে বেশি বেশি “উঠান বৈঠক, অনলাইন গণশুনানি, নিরাপদ বিদ্যুৎ ব্যবহার সম্পর্কে গ্রাহককে অবহিত করা, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবহার এর মাধ্যমে গ্রাহক অভিযোগ ও সমস্যা সমূহ চিহ্নিত পূর্বক গুণগতমান সম্পন্ন বিদ্যুৎ বিতরণে অত্র পবিস সর্বোচ্চ চেষ্টা ও পরিকল্পনা গ্রহণ করেছে। আশা করি “আলোর ফেরিওয়াল” কার্যক্রম অব্যাহত রেখে সকল সমস্যার উত্তরণ সম্ভব হবে। গ্রাহক সন্তুষ্টি অর্জন করে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এর কার্যক্রম পরিচালনার জন্য ইতঃমধ্যে ISO 9001:2015 (QMS) সার্টিফিকেট অর্জন করেছে।

## সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ,

মালিকের মমত্ববোধ নিয়ে সকলকে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ, অবৈধ বিদ্যুৎ ব্যবহার পরিহার, তার ও ট্রান্সফরমার চুরিরোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তুলতে অনুরোধ জানাই। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ, অবৈধ উপায়ে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধসহ সিস্টেম লস গ্রহণযোগ্য পর্যায়ে রেখে সমিতিতে আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদাত্ত আহবান জানাচ্ছি। সুশৃঙ্খল প্রশাসনিক অবকাঠামো গড়ার লক্ষ্যে বিদ্যুৎ সংযোগ গ্রহণে আগ্রহী লোকজনকে দালাল-মধ্যসত্ত্বভোগীদের হাত হতে রক্ষাকল্পে আবেদনকারীকে নিজে সরাসরি দণ্ডের যোগাযোগ করার জন্য অনুরোধ জানাচ্ছি। সম্মানিত গ্রাহক সদস্যগণের সুবিধার কথা বিবেচনা করে সকল অফিসসমূহে মোবাইল ফোন প্রদান করা হয়েছে, এর মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

## সম্মানিত ভাই বোনেরা,

পরিশেষে এই সমিতি এলাকার সকল মানুষের ঘরে ঘরে বিদ্যুতের আলো জ্বালাতে সক্ষম হোক, দূর করুক সকল অন্ধকার, দিকে দিকে জ্বলে উঠুক উন্নয়নের আলো, উন্নতির শীর্ষে আরোহন করি আমরা- এই হোক আজকের দিনে আমাদের দৃঢ় অঙ্গীকার। সমিতির অগ্রগতির চূড়ান্ত লক্ষ্য ও গৌরব অর্জনে আরো গতিশীল পরিবেশ সৃষ্টি করার জন্য আপনাদের সর্বাঙ্গিক সহযোগিতা ও মূল্যবান পরামর্শ কামনা করছি। সকলকে ধন্যবাদ। মহান আল্লাহ রাব্বুল আলামীন আমাদের সহায় হোন।

জয় বাংলা।

সৈয়দ মোজাম্মেল আহাম্মদ  
সভাপতি, সমিতি পরিচালনা বোর্ড  
ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি